

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫
www.dls.gov.bd

প্রাণিসম্পদ অধিদপ্তরের ২০২২-২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্ম-পরিকল্পনার নৈতিকতা কমিটির ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন ২০২৩) সভার কার্যবিবরণী

সভাপতি	ডাঃ মোঃ এমদাদুল হক তালুকদার মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
সভার তারিখ	২২/০৬/২০২৩ খ্রিঃ
সভার সময়	সকাল ১০.০০ ঘটিকা
স্থান	মহাপরিচালক মহোদয়ের কক্ষ, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভার প্রারম্ভে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্ম-পরিকল্পনার ৪র্থ কোয়ার্টারের (এপ্রিল-জুন ২০২৩) নৈতিকতা কমিটির সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর সভাপতি মহোদয় সভার আলোচ্যসূচী উপস্থাপনের জন্য জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ফোকাল পয়েন্ট কর্মকর্তা ডাঃ মোঃ শাহিনুর আলম, পরিচালক (সম্প্রসারণ)-কে অনুরোধ করেন। ফোকাল পয়েন্ট কর্মকর্তা প্রাণিসম্পদ অধিদপ্তরের ২০২২-২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্ম-পরিকল্পনার ৪র্থ কোয়ার্টারের লক্ষ্যমাত্রার বিপরীতে কার্যক্রমসমূহের অগ্রগতির তথ্য সভায় উপস্থাপন করেন। উপস্থাপিত আলোচ্যসূচী অনুযায়ী সভায় নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক) জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্ম-পরিকল্পনার ২০২২-২৩-এর ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন ২০২৩ পর্যন্ত) বাস্তবায়ন অগ্রগতিঃ

ক্রমিক নং	কার্যক্রমের নাম	কর্মসম্পাদন সূচকের নাম	একক	৪র্থ কোয়ার্টারে লক্ষ্যমাত্রা	৪র্থ কোয়ার্টারে বাস্তবায়ন অগ্রগতি	বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ
১.	১.১ নৈতিকতা কমিটির সভা আয়োজন	সভা আয়োজিত ”	সংখ্যা	১	২২/০৬/২০২৩ তারিখে ১টি সভা আয়োজিত	পরিচালক, প্রশাসন
২.	১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন	বাস্তবায়িত সিদ্ধান্ত	%	১০০%	চলমান	পরিচালক, প্রশাসন
৩.	১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা	অনুষ্ঠিত সভা	সংখ্যা	১	সভা অনুষ্ঠিত	উপপরিচালক, প্রশাসন
৪.	১.৪ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন	প্রশিক্ষণ আয়োজিত	সংখ্যা	১ম শ্রেণি (২৬) ৩য় শ্রেণি (১৭)	প্রশিক্ষণ আয়োজিত	উপপরিচালক, এইচআরডি


ক্রমিক নং	কার্যক্রমের নাম	কর্মসম্পাদন সূচকের নাম	একক	৪র্থ কোয়ার্টারে লক্ষ্যমাত্রা	৪র্থ কোয়ার্টারে বাস্তবায়ন অগ্রগতি	বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ
৫.	১.৫ কর্ম-পরিবেশ উন্নয়ন (টিওএন্ডইভুভু অকেজো মালামাল নিষ্পত্তিকরণ/নথিবিনষ্টকরণ/ পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি/ মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা করা ইত্যাদি	উন্নত কর্ম-পরিবেশ	সংখ্যা ও তারিখ	১ (৩/৪/২৩)	মহিলাদের জন্য ১টি পৃথক ওয়াশরুমের ব্যবস্থা করা হয়েছে	উপপরিচালক প্রশাসন
৬.	১.৬ আওতাধীন মাঠ পর্যায়ের কার্যালয় (প্রয়োজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম- পরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান	ফিডব্যাক সভা/কর্মশালা অনুষ্ঠিত	তারিখ	১৬/০৪/২৩	১৬/০৪/২৩ তারিখে ফিডব্যাক সভা অনুষ্ঠিত	পরিচালক, সম্প্রসারণ
৭.	২.২ অনুমোদিত বার্ষিক ক্রয়পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (প্রকল্পের ক্রয় পরিকল্পনাসহ)	ক্রয়-পরিকল্পনা বাস্তবায়িত	%	১০০%	চলমান	পরিচালক, বাজেট
৮.	২.৩ বাজেট বাস্তবায়ন	বাজেট বাস্তবায়িত	%	১০০%	চলমান	পরিচালক, বাজেট
	২.৪ প্রকল্পের PSC ও PIC সভা আয়োজন	সভা আয়োজিত	সংখ্যা	১০	চলমান	চীফ, পিইসি
৯.	৩.৪ উন্নয়ন প্রকল্পের আওতায় খামারিদের মাঝে গবাদিপশু ও হাঁস- মুরগি বিতরণ।	গবাদিপশু ও হাঁস- মুরগি বিতরণকৃত	সংখ্যা	৩,০০,০০০	চলমান	চীফ, পিইসি

খ) সভার সিদ্ধান্তঃ

জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্ম-পরিকল্পনার ২০২২-২৩ অর্থবছরের ৪র্থ কোয়ার্টারের (এপ্রিল-জুন ২০২৩ পর্যন্ত) বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রমিক নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.	প্রাণিসম্পদ অধিদপ্তরের আওতাধীন মাঠপর্যায়ের সকল দপ্তরে শুদ্ধাচার বিষয়ক ৪র্থ কোয়ার্টারের (এপ্রিল-জুন ২০২৩ পর্যন্ত) কার্যক্রম সময়মত সম্পন্ন এবং শুদ্ধাচার বিষয়ক ৪র্থ ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন যথাসময়ে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ ও সংশ্লিষ্ট ওয়েবসাইটে আপলোড করার জন্যে পত্রজারীর সিদ্ধান্ত গৃহীত হয়।	পরিচালক, প্রশাসন

অতঃপর সভায় আর কোনও আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।



(ডাঃ মোঃ এমদাদুল হক তালুকদার)
মহাপরিচালক

ও

সভাপতি, নৈতিকতা কমিটি,
জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা
প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।